# এইচ এস সি ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

ইসলাম শিক্ষা দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ২ | ৫ | ০ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

সৃজনশীল প্রশ্ন

মান — ৭০

[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]

**১.▶** মায়মুনা একজন কলেজ পড়ুয়া ছাত্রী। একদিন সে কিছু একটা পড়ছিল; এমন সময় তার বান্ধবী শান্তা তাকে দেখতে এসে জানতে চাইলো সে কী পড়ছে। মায়মুনা 'আল-কিতাব' বলে উত্তর দিল। শান্তা বলল, "সামনে পরীক্ষা। এমন গুরুত্বপূর্ণ মুহূর্তে এভাবে সময় নষ্ট করার কোনো দরকার আছে? তোমাকে তো পূর্বের মতো নিজের শ্রেষ্ঠত্ব ধরে রাখতে হবে" মায়মুনা বলল, "পার্থিব উন্নতির সোপান হিসেবে যেমন পরীক্ষা গুরুত্বপূর্ণ তেমনি শ্রেষ্ঠত্ব অর্জনের জন্য এ জাতীয় বই অধ্যয়নও জরুরী।" মহানবি (স.) বলেন,

خيركم من تعلم القران و علمه

ক. আল-কুরআন কী? ১

খ. ওহী লিপিবদ্ধকরণ কুরআন সংরক্ষণের অন্যতম মাধ্যম" বুঝিয়ে লিখ। ২

গ. উদ্দীপকে বর্ণিত শান্ত যে গ্রন্থ পাঠ অপ্রয়োজনীয় মনে করেছে তার অন্য কোন নাম আছে কি? থাকলে অর্থসহ ছয়টি লিখ। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত হাদিসের আলোকে মায়মুনার বক্তব্যেও যথার্থতা প্রমাণ কর। ৪

**২.▶** মিনহাজ ও মিজান বাল্যকাল থেকে একই ক্লাস পড়ে আসছে। মিনহাজের বাবা আলেম হওয়ায় ছোটকাল থেকেই আল্লাহ প্রেরিত কিতাব সম্পর্কে দৃঢ় বিশ্বাস করতো এবং তার অভ্যন্তরীণ রহস্য জানার আগ্রহ পোষণ করতো। সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় মিনহাজ প্রথম হয়েও পিতার পরামর্শে ইসলাম ও নৈতিকতা বিষয়ক বিভাগে ভর্তি হওয়ার সিদ্ধান্ত নেয়। পক্ষান্তরে মিজানও ভর্তি পরীক্ষায় পাস করলে তার বাবা তাকে মিনহাজের পছন্দের বিষয়ের মতো একটি বিষয়ে ভর্তি হওয়ার পরামর্শ দেয়। মিজান উত্তরে বলল—"বাবা, সে একটা বোকা। আমি তার মতো প্রথম হতে পারলে পড়ালেখা শেষ হওয়ার আগেই তোমাদেরকে অট্টালিকায় বসবাস করাতে পারতাম।" তার এ ধরনের বক্তব্য সম্পর্কে জানতে পেরে তার বাল্যকালের শিক্ষক মাহমুদ সাহেব নিম্নোক্ত আয়াতটি তিলাওয়াত করেন।

واذا قيل لهم لاتفسدوا فى الارض قالوا انما نحن مصلحون- الا انهم هم المفسدون ولكن لا يشعرون-

ক. غشاوة শব্দের অর্থ কী? ১

খ. فزادهم الله مرضا আয়াতাংশের মর্মার্থ লিখ। ২

গ. সূরা বাকারার আলোকে মিনহাজের বিশ্বাস, আগ্রহ ও কর্মকাণ্ড কাদের গুণাবলির প্রতি নির্দেশ করে বুঝিয়ে লিখ। ৩

ঘ. উদ্দীপকের আয়াতের আলোকে মিজানের চিন্তা-চেতনা বিশ্লেষণ কর এবং মুমিন জীবনে এর প্রভাব বর্ণনা কর। ৪

https://teachingbd24.com

৩.▶ হাবীব সাহেব একজন স্বর্ণের দোকানদার। সে তার এলাকার নেতাও বটে। সে বিচার ফায়সালা করতে গিয়ে মানুষকে ভালো ভালো উপদেশও দেয়। কয়েক মাস আগে একমাত্র ছেলের বিয়ে উপলক্ষে মাওলানা মাহমুদ সাহেব তার দোকান থেকে কিছু স্বর্ণের গহনা ক্রয় করে ঠকেছেন। এ বিষয়ে তাকে জানানো হলে সে বলল, "ভালো মন্দ মিলিয়েই ব্যবসা। এরূপ ছোট খাট সমস্যা ব্যবসার জন্য দোষের কিছু নয়।" তখন মাহমুদ সাহেব বললেন, "ব্যবসায়ের ক্ষেত্রে কেন, মু'মিন জীবনের কোনো ক্ষেত্রেই এ ধরনের কার্যক্রম কাম্য নয়।"

ক. ওহী বলতে কী বুঝ? ১

খ. নিম্নোক্ত আয়াতের অনুবাদ কর। ২

اتامرون الناس بالبر وتنسون انفسكم وانتم تتلون الكتاب افلا تعقلون-

গ. উদ্দীপকে বর্ণিত স্বর্ণব্যবসায়ী হাবীব সাহেবের কাজটি শরিয়তের দৃষ্টিতে কোন শ্রেণির মানুষের চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ? বর্ণনা কর। ৩

ঘ. মাওলানা মাহমুদ সাহেবের বক্তব্য কুরআন ও হাদিসের আলোকে বিশ্লেষণ পূর্বক মু'মিনদের করণীয় নির্ধারণ কর। ৪

৪.▶ নিচের চিত্রটি মনোযোগ সহকারে দেখ এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও।




Teachingbd24.com

ক. হাদিস কী? ১

খ. اماطة الاذى عن الطريق হাদিসাংশের ব্যাখ্যা কর। ২

গ. চিত্রের 'খ' সূচকের সংকলকের পরিচয় দাও। ৩

ঘ. চিত্রে 'ক' সূচকে কী বুঝানো হয়েছে? মানব জীবনে এর প্রভাব বর্ণনা কর। ৪

৫.▶ জনাব আবরার ও ইহসান দুইজনই ধনাঢ্য ব্যবসায়ী। আবরার ও ইহসান মানব কল্যাণমূলক কাজে একজন অপরজনের সাথে প্রতিযোগিতায় লিপ্ত হয়। সম্প্রতি একটি দেশ থেকে মুসলিমরা নির্যাতিত ও বিতাড়িত হয়ে তাদের দেশে আশ্রয় নিলে আবরার তাদের আশ্রয়ের জন্য একটি ক্যাম্প স্থাপন করে। সেখানে তিনি হাজার খানেক শরণার্থীর থাকা খাওয়ার সম্পূর্ণ দায়িত্ব গ্রহণ করে। তার উদ্যোগে ঈর্ষান্বিত হয়ে ইহসান শরণার্থীদের ফ্রী চিকিৎসা সেবা দেয়ার জন্য একশজন ডাক্তার নিয়োগ দেন এবং

বিনামূল্যে ওষুধপত্র সরবরাহ করেন। পক্ষান্তরে আবীর সাহেব একজন ক্ষুদ্র খাবার দোকানের ব্যবসায়ী। তিনি চাহিদার চেয়ে কম খাবার প্রস্তুত করেন এবং দিনের খানার দিনেই বিক্রি শেষ করেন। তিনি কখনও পূর্বের খাবার আজকের বলে বিক্রি করেন না। ফলে তার দোকানের খাবারের চাহিদাও বেশি। তার দোকানের নিয়মিত গ্রাহক মাওলানা আতীক তার এরূপ ব্যবসা সম্পর্কে একটি হাদিস বর্ণনা করেন। রাসূল (স.) বলেছেন—

التاجر الامين الصدوق المسلم مع الشهداء يوم القيامة-

ক. মুত্তাফাকুন আলাইহি বলতে কী বুঝ? ১

খ. طلب كسب الحلال فريضة بعد الفريضة হাদিসটির মর্মার্থ লিখ। ২

গ. উদ্দীপকে আবরার ও ইহসানের কর্মকাণ্ড তোমার পাঠ্যপুস্তকে বর্ণিত হাদিসের আলোকে বিশ্লেষণ কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত হাদিসের আলোকে আবীর সাহেবের কর্মকাণ্ডের পরিণতি বর্ণনা কর। ৪

৬. ▶ শান্তিনগর গ্রামের ছাত্র-যুবকেরা মলে একটি সংঘ প্রতিষ্ঠা করে। তারা সংঘ পরিচালনার জন্য একটি সংবিধানও রচনা করে। কিছুদিন পর তাদের সংঘ পরিচালনায় এমন একটি সমস্যার উদ্ভব হয় যার সমাধানের পদ্ধতি সম্পর্কে তাদের সংবিধানে কোনো নির্দেশনা নেই। বিকল্প কোনো উপায় খোঁজে না পেয়ে সভাপতি কার্যকরী পরিষদের সভায় সমস্যাটি সমাধানে যথার্থ পরামর্শ দিতে সক্ষম এমন সদসদেরকে আহ্বান করেন। অধিকাংশের পরামর্শ মতে একটি সিদ্ধান্ত গৃহীত হয়। অন্যরা এ সিদ্ধান্তে কোনো প্রকার বক্তব্য দেয়নি। এভাবে সমস্যাটির সমাধান সম্পন্ন করা হয়।

ক. ইজমার রুকনগুলো কী কী? ১

খ. فتسئلوا اهل الذكر ان كنتم لا يعلمون- আয়াতাংশের মর্মার্থ লিখ। ২

গ. উদ্দীপকে বর্ণিত সংঘের সমস্যা সমাধানর পদ্ধতিটি শরিয়তের কোন উৎসের সাথে সাদৃশ্যপূর্ণ? বুঝিয়ে লিখ। ৩

ঘ. উদ্দীপকে কিছু সংখ্যক সদস্য কোন প্রকার বক্তব্য না দেয়া সত্ত্বেও সিদ্ধান্ত গ্রহণ সঠিক হয়েছে কি না? তোমার মতামতের স্বপক্ষে যুক্তি দাও। ৪

৭. ▶ শ্রেণিকক্ষে ইসলাম শিক্ষার শিক্ষক নির্ধারিত বিষয়ে তার বক্তব্য উপস্থাপন করতে গিয়ে বলেন, রাসূল (স.) এর ইন্তিকালের পরে ইসলাম বিশ্বের বিভিন্ন দিকে ছড়িয়ে পড়লে নতুন নতুন সভ্যতা ও সংস্কৃতির ছোঁয়ায় নতুন নতুন সংকট দেখা দেয়। এসব ব্যাপারে কুরআন, হাদিস ও ইজমায় কোনো সিদ্ধান্তের কথা উল্লেখ নেই। এসব ক্ষেত্রে সাহাবাগণ কুরআন ও হাদিসকে পূর্ব দৃষ্টান্তরূপে গ্রহণ করে নিজেদের বিচার-বুদ্ধির প্রয়োগ করে সমাধান দিয়েছেন । সমস্যা সমাধানের এ পদ্ধতি ইসলামি শরীআতের একটি উৎস হিসেবে স্বীকৃত।

ক. علت শব্দের অর্থ কী? ১

খ. فاعتبروا يا اولى الابصار- আয়াতাংশের মর্মার্থ লিখ। ২

গ. উদ্দীপকে ইসলামি শরীয়াতের কোন উৎসের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে ইসলামি শরীয়াতের যে উৎসের ইঙ্গিত রয়েছে তার গুরুত্ব মূল্যায়ন কর। ৪

https://teachingbd24.com

৮.▶ শফিক ও রফিক দুইজন ঘনিষ্ঠ বন্ধু। শফিক ইদানিং গাঁজা খাওয়ায় অভ্যস্ত হয়ে পড়ে। মাঝেমাঝে ইয়াবাও সেবন করে। রফিক একথা জানতে পেরে শফিককে নেশাদ্রব্য ছেড়ে দিতে বলে। কিন্তু শফিক রফিকের কথা মানতে নারাজ। সে যুক্তি দিয়ে বলে-বন্ধু, তুমি যদি কুরআন—হাদিসের কোথাও গাঁঝা কিংবা ইয়াবা নিষেধ; একথা দেখাতে পার তা হলে আমি এগুলো ছেড়ে দিব। এ বিষয়টি নিয়ে তারা একজন আলিমের শরণাপন্ন হলে তিনি বলেন, "সকল নেশা দ্রব্যই হারাম।"

ক. কিয়াস শব্দটির মূলধাতু কী? ১

খ. القياس الخلفى বলতে কী বুঝ? ২

গ. শফিক শরীয়াতের কোন উৎসটি অস্বীকার করেছে? বিশ্লেষণ কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত আলিম সাহেবের উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৯.▶ জনাব হাশেম চৌধুরী ধর্মভীরু মুসলমান। তিনি বিশ্বাস করেন ইসলামের সকল বিধানের পিছনেই রয়েছে মানুষের কল্যাণ চিন্তা। তিনি কুরআন হাদিসের বিধানসমূহের আলোকেই জীবনযাপন করেন। ইসলামে যে সব বিধান নিয়ে মতভেদ আছে সে সব ক্ষেত্রে তিনি অধিকতর শক্তিশালী ও প্রামাণ্য দিকটি মেনে চলেন।

ক. মাযহাব শব্দের অর্থ কী? ১

খ. "মুজতাহিদ ভুল করলেও প্রতিবাদ প্রাপ্ত হবে" —ব্যাখ্যা কর। ২

গ. জনাব হাশেম চৌধুরী কোন মাযহাবের অনুসারী? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব হাশেম চৌধুরীর উক্ত মাযহাবের অনুসরণের পেছনে যুক্তিকতা কী? তোমার পাঠ্য বইয়ের আলোকে মতামত দাও। ৪

১০.▶ আরমান সাহেব ৫ লক্ষ টাকা ব্যাংকে রেখে মারা যান। তার একমাত্র ছেলে পারভেজ কৌশলে উক্ত টাকা ব্যাংক থেকে উত্তোলন করে। সে তার মা ও একমাত্র বোন আমেনাকে না জানিয়ে ঐ টাকা দিয়ে পবিত্র মক্কায় গিয়ে একটি ফরয ইবাদত সম্পন্ন করে আসল। বিষয়টি জানাজানি হওয়ার পর ভাই-বোনের মধ্যে মনোমালিন্য ও বাদানুবাদ সৃষ্টি হয়। তাদের মা তাদেরকে কোনো রকমে নিবৃত্ত করতে পারলেও এক পর্যায়ে আমেনা বলল, "আমাদের হক নষ্ট করে তুমি যে ইবাদত করেছ আল্লাহ তা কবুল করবেন না।"

ক. মৌলিক ইবাদতগুলো কী কী? ১

খ. ان الصلواة تنهى عن الفحشاء والمنكر- আয়াতের ব্যাখ্যা কর। ২

গ. শরীআতের বিধান মতে পারভেজের কাজটি হুকুম বর্ণনা কর। ৩

ঘ. আমেনার বক্তব্যের সাথে তুমি কি একমত? তোমার মতামতের স্বপক্ষে যুক্তি দাও। ৪

১১.▶ ইসলামের দুটি দিক, একটি জাহিরি আর অপরটি বাতিনি। এদের মধ্যে কোনো বিরোধ নাই। এদের সম্পর্ক সুনিবিড়। এদের উৎপত্তিগত উৎস এক ও অভিন্ন। উভয়ের উৎস মূল আল কুরআন ও হাদিস।

ক. সূফিবাদের মূল কথা কী? ১

খ. "আল্লাহ আকাশমণ্ডল ও পৃথিবীর জ্যোতি" ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে কোন দুইটি বিষয়ের ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত বিষয় দুটির মধ্যে সম্পর্ক কুরআন ও হাদিসের আলোকে বিশ্লেষণ কর। ৪

https://teachingbd24.com

## ইসলাম শিক্ষা দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ২ | ৫ | ০ |

সময় — ৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ৩০

*[বিশেষ দ্রষ্টব্য: — সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. ★ পবিত্র কুরআনের সুরার সংখ্যা কত?
ⓚ ৮৬ ⓚ ৯২
(ক) ৮৬ (খ) ৯২
(গ) ১১৪ (ঘ) ১২৪

২. ★ পবিত্র কুরআনের কোন্ আয়াতগুলো সর্বপ্রথম অবতীর্ণ হয়?
(ক) সুরা ফাতিহার প্রথম পাঁচ আয়াত
(খ) সুরা বাকারার প্রথম পাঁচ আয়াত
(গ) সুরা আলাকের প্রথম পাঁচ আয়াত
(ঘ) সুরা কদরের পাঁচ আয়াত

**নিচের উদ্দীপকটি পড়ে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও:**
আবু রায়হান গ্রামের একজন নিরীহ চাষী। তিনি নিয়মিত সালাত আদায় করেন। সামর্থ অনুযায়ী দান-সাদকা করেন, নবি-রাসুল, অদৃশ্য ও পরকাল সম্বন্ধে বিশ্বাস করেন। অপরদিকে জামান একজন চা বিক্রেতা। তার দোকানে চা পান করার সুবাদে প্রচুর লোকের সমাগম হয়। সে বলে, আমি আল্লাহ, রাসুল, পরকাল সবকিছুতেই বিশ্বাস করি। বাস্তবে সে সালাত আদায় করে না।

৩. সুরা বাকারার আলোকে জামানের কর্মকাণ্ড কাদের মত?
(ক) কাফির (খ) মুশরিক
(গ) মুনাফিক (ঘ) ফাসেক

৪. আবু রায়হানের কর্মকাণ্ডে তার—
i. সংসারে সুখ-শান্তি বিরাজ করে
ii. জান্নাতে যাওয়ার পথ সুগম হয়
iii. ধন-সম্পদ বৃদ্ধিপ্রাপ্ত হয়
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৫. انی جاعل فی الارض خلیفة আয়াতে خلیفة হচ্ছেন—
(ক) হযরত আদম (আ)
(খ) হযরত নূহ (আ)
(গ) হযরত ইবরাহিম (আ)
(ঘ) হযরত মুহাম্মদ (সা)

৬. ★ সুরা বাকারার আলোকে অদৃশ্যের উপর বিশ্বাস করা কাদের বৈশিষ্ট্য?
(ক) আলেম (খ) হাফেজ
(গ) মুত্তাকি (ঘ) মুজাহিদ

৭. পবিত্র কুরআনের নাম 'আল বুরহান' শব্দের অর্থ কী?
(ক) উপদেশ (খ) যুক্তি প্রমাণ
(গ) পার্থক্যকারী (ঘ) সত্যতা প্রমাণকারী

৮. سواء علیهم ءانذرتهم ام لم تنذرئهم لایمنون-এই আয়াতে কাদের কথা বলা হয়েছে?
(ক) মুনাফিক (খ) মুশরিক
(গ) কাফির (ঘ) ফাসিক

৯. মাক্কি সুরার বৈশিষ্ট্য হলো—
i. আকারে ছোট
ii. হালাল-হারামের বর্ণনা
iii. তাওহিদ-রিসালাতের বর্ণনা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১০. ★ হাদিসের মূল বক্তব্যকে কী বলা হয়?
(ক) মতন (খ) সনদ
(গ) রাবী (ঘ) বর্ণনা

১১. সর্বাধিক হাদিস বর্ণনাকারী সাহাবি কে ছিলেন?
(ক) হযরত আনাস (রা)
(খ) হযরত আবু হোরায়রা (রা)
(গ) হযরত আব্বাস (রা)
(ঘ) হযরত উমর (রা)

১২. ★ নিচের কোনটি সিহাহ্ সিত্তাহ্র অন্তর্ভুক্ত?
(ক) মিশকাতুল মাসাবীহ্
(খ) মুসনাদ-ই-আহমাদ
(গ) সুনানে ইবনে মাজাহ
(ঘ) মুয়াত্তা ইমাম মালেক

১৩. ★ ইমাম মালেক (রহ) রচিত গ্রন্থ কোনটি?
(ক) আল মুসনাদ (খ) আল হিদায়া
(গ) আল মুয়াত্তা (ঘ) আররিসালাহ

১৪. আল্লাহর বান্দা এবং কুফরের মধ্যে পার্থক্য হচ্ছে—
(ক) জাকাত না দেয়া (খ) সাওম না রাখা
(গ) সালাত ত্যাগ করা (ঘ) হজ না করা

১৫. ★ হাদিসে ফরজের পর ফরজ বলা হয়েছে কোন ইবাদাতকে?
(ক) সালাত আদায় করা
(খ) জাকাত দেয়া
(গ) হালাল উপার্জন করা
(ঘ) ইলম অর্জন করা

**নিচের উদ্দীপকটি পড়ে ১৬নং প্রশ্নের উত্তর দাও:**
আলহাজ্জ জামাল শেখ মৃত্যুর পূর্বেই তার মূল্যবান একটি জায়গা মসজিদের জন্য দান করেন। এতে জনগণ খুশি হয়।

১৬. জামাল শেখের কাজটি কোন পর্যায়ের?
(ক) জাকাত (খ) সাদকাহ
(গ) ইহসান (ঘ) খিদমতে খাল্ক

https://teachingbd24.com

১৭. কোন ইমাম ৪০ জনের সম্পাদনা পরিষদ গঠন করেন?
ⓚ ইমাম মালেক (রহ)
ⓚ ইমাম আবু হানিফা (রহ)
ⓖ ইমাম শাফেয়ি (রহ)
ⓖ ইমাম আহমাদ (রহ)

১৮. ★ আল ইজমা অর্থ কী?
(ক) তুলনা করা (খ) গবেষণা করা
(গ) একমত হওয়া (ঘ) দৃঢ়মত পোষণ করা

১৯. ★ কোন ইবাদতে বিনয় ও আনুগত্যের পূর্ণ প্রকাশ ঘটে?
(ক) জাকাত (খ) সাওম
(গ) সালাত (ঘ) হজ

২০. যে বিষয়ে ঈর্ষা করা যায়—
i. আল্লাহর পথে দানের জন্য সম্পদ লাভ
ii. ক্ষমতা পাওয়ার জন্য পদবী লাভ
iii. মানুষকে শিক্ষা দেওয়ার জন্য জ্ঞান লাভ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও:**
জনাব মাযহারুল হক বৃক্ষমেলা থেকে উন্নতজাতের ৫০০ ফলজ গাছের চারা ক্রয় করে রাস্তার দু'পাশে লাগালেন। তা দেখে তার বন্ধু নিসারুল হক বললেন এটা এক ধরনের অপচয়। এ গাছগুলো তোমার কোন উপকারে আসবে না। তাই আমি এভাবে গাছ লাগিয়ে টাকা নষ্ট করি না।

২১. মাযহারুল সাহেবের কাজটি কোন ধরনের ইবাদত?
(ক) সাদাকাহ্ (খ) ফিতরাহ
(গ) খুমুস (ঘ) উশর

২২. নিসারুলের কর্মকাণ্ডের ফলে—
i. পরিবেশের ভারসাম্য নষ্ট হবে
ii. অর্থের সাশ্রয় হবে
iii. সৃষ্টির সেবা বিঘ্নিত হবে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৩. কিয়াস অর্থ হলো—
i. অনুমান করা
ii. তুলনা করা iii. পরিমাপ করা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৪. ★ আবু হানিফা (রহ)-এর পূর্ণনাম কী?
(ক) নুমান ইবনে কায়েস
(খ) নুমান ইবনে সাবেত
(গ) নুমান ইবনে যায়েদ
(ঘ) নুমান ইবনে মালেক

**নিচের উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও:**
জনাব আদনান সাহেব কুরআন-হাদিসের বিধান পরিপূর্ণভাবে পালন করার জন্য প্রসিদ্ধ একজন ইমামের প্রবর্তিত মতাদর্শের অনুসরণ করেন। এতে শরিঅতের বিধান পালন করা তার জন্য সহজবোধ্য হয়েছে। তাঁর বন্ধু নাফিস সাহেব আদনান সাহেবের সাথে ভিন্নমত পোষণ করে বলেন— কুরআন-হাদিস ছাড়া অন্য কারো মতামতের অনুসরণ করা উচিত নয়।

২৫. আদনান সাহেব কোন মাযহাবের অনুসারী বলে মনে হয়—
(ক) হানাফি (খ) শাফেয়ি
(গ) মালেকি (ঘ) হাম্বলি

২৬. নাফিস সাহেবের দৃষ্টিভঙ্গি—
i. মাযহাব অনুসরণে অনীহা
ii. শরিঅত পালনে অস্বীকৃতি
iii. ফিক্হ অনুসরণে অস্বীকৃতি
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৭. تصوف শব্দের মূল صفف হলে এর অর্থ কী হবে?
(ক) পরিচ্ছন্ন (খ) পশম
(গ) সারি (ঘ) জ্ঞান

২৮. কোন্ ইবাদতকে ইসলামের সেতু বলা হয়েছে?
(ক) সালাত (খ) জাকাত
(গ) হজ (ঘ) সাওম

২৯. ★ হযরত হাসান বসরি (রহ) কোথায় জন্মগ্রহণ করেন?
(ক) বসরায় (খ) খোরাসানে
(গ) মদিনায় (ঘ) সিরহিন্দে

৩০. ★ আসহাবে সুফ্ফা বাক্যের অর্থ কী?
(ক) মদিনার অধিবাসী
(খ) বারান্দার অধিবাসী
(গ) মসজিদের অধিবাসী
(ঘ) কুবার অধিবাসী

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| [illegible] | ১ | গ | ২ | গ | ৩ | গ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | গ | ৭ | খ | ৮ | গ | ৯ | খ | ১০ | ক | ১১ | খ | ১২ | গ | ১৩ | গ | ১৪ | গ | ১৫ | গ |
| | ১৬ | খ | ১৭ | খ | ১৮ | গ | ১৯ | গ | ২০ | খ | ২১ | ক | ২২ | খ | ২৩ | ঘ | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | খ |

Teachingbd24.com